

Times Today BD

ডেস্ক রিপোর্ট | বাংলাদেশ | 07 April, 2025

রাজধানীর খিলগাঁও মেরাদিয়া এলাকায় সুমন গাজী (৪৫) নামে এক ব্যক্তিকে মাথায় ইট দিয়ে আঘাত করে হত্যা করা হয়েছে বলে অভিযোগ উঠেছে তারই আপন মামা মোস্তফার বিরুদ্ধে।

মঙ্গলবার (৮ এপ্রিল) সকাল ৬টার দিকে মেরাদিয়া মধ্যপাড়া মসজিদ গলিতে এ ঘটনা ঘটে। পরে মুমূর্ষু অবস্থায় সুমনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হলে সকাল সাড়ে ৮টার দিকে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

নিহত সুমনের বড় ভাই মো. আলমগীর হোসেন জানান, তারা মেরাদিয়া মসজিদ গলির মুক্তারের বাড়িতে থাকেন। একই গলিতে তার মামা মোস্তফাও পরিবারসহ বসবাস করেন। ঘটনার দিন সকালে মোস্তফার বাড়ির সামনে সুমনের সঙ্গে কথাকাটাকাটি ও হাতাহাতি হয়। এক পর্যায়ে মোস্তফা, তার দুই ছেলে, মেয়ে এবং স্ত্রী মিলে সুমনকে ধরে ঘরের ভেতর নিয়ে যান এবং সেখানে ইট দিয়ে মাথায় আঘাত করে হত্যা করেন। পরে তারা মরদেহ গলির মসজিদের পাশে ফেলে রেখে যান।

তিনি আরও জানান, সুমনের এক ছেলে ও এক মেয়ে রয়েছে। কারওয়ান বাজার এলাকায় কাঁচামাল কুড়িয়ে সেগুলো বিক্রি করে জীবিকা নির্বাহ করতেন তিনি। প্রায় দুই বছর আগে স্ত্রী তাকে ছেড়ে চলে যাওয়ার পর মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েন সুমন। চলাফেরাতেও ছিল অস্বাভাবিকতা। অভিযোগ রয়েছে, ঘটনার দিন সকালে মামা মোস্তফার ঘরের জানালা ভাঙার অভিযোগে সুমনকে হত্যা করা হয়। এর আগেও সুমনকে মারধর করেছিলেন মোস্তফা।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পুলিশ ক্যাম্পের উপ-পরিদর্শক মো. মাসুদ আলম বিষয়টি নিশ্চিত করে জানান, মরদেহটি মর্গে রাখা হয়েছে এবং খিলগাঁও থানাকে জানানো হয়েছে।

রাজধানী হত্যা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 04:55

URL: <https://timestodaybd.com/bangladesh/775807469>